# লিংক সমস্যায় পেট্রাপোল বন্দরে কমেছে রপ্তানি ও আমদানি, কয়েকশো কোটি টাকার ক্ষতি ব্যবসায়ীদের

**নিজস্ব প্রতিবেদন, পেট্রাপোল:** লিংক সমস্যায় পেট্রাপোল বন্দরে কমেছে রপ্তানি ও আমদানি, কয়েকশো কোটি টাকার ক্ষতি ব্যবসায়ীদের। ভারতের অর্থমন্ত্রীর কাছে চিঠি পাঠাল পেট্রাপোল ক্লিয়ারিং এজেন্ট সম্পাদক। এপ্রিলের ২৮ তারিখ থেকে হঠাৎ পেট্রাপোল বন্দরে লিংক সমস্যা দেখা দিয়েছে। যার কারণে ভারত বাংলাদেশের মধ্যে পেট্রাপোল বন্দর দিয়ে রপ্তানি ও আমদানি অনেকটা কমে গিয়েছে। বন্দর সূত্রে খবর আগে যেখানে প্রতিদিন ৩৫০ থেকে ৪০০ গাড়ি পণ্য রপ্তানি ও আমদানি হত পেট্রাপোল বন্দর দিয়ে এখন সেই সংখ্যাটা কমে প্রতিদিন দাঁড়িয়েছে ১০০ থেকে ১৫০ গাড়িতে। রপ্তানি কমেছে, বেশি পরিমাণে আমদানি উপরে প্রভাব পড়লেও অন্য পোর্ট থেকে লিংক সংক্রান্ত কাজ করিয়ে নিয়ে আসার জন্য আমদানি হচ্ছে কিছুটা। কিন্তু রপ্তানির ক্ষেত্রে ব্যাপক সমস্যার সম্মুখীন ব্যবসায়ীরা। পেট্রাপোল ক্লিয়ারিং এজেন্ট সম্পাদক কার্তিক চক্রবর্তী বলেন, কাস্টমসের থেকে ইন্টারনেট অসুবিধার কারণে এই সমস্যা তৈরি হচ্ছে। ইজিএম (এক্সপোর্ট জেনারেল ম্যানিফেস্ট) ও আইজিএম (ইমপোর্ট জেনারেল ম্যানিফেস্ট) বের করতে পারছেন না। অনেক ক্ষেত্রে অন্য বন্দর থেকে আইজেএম বের করে এনে আমদানি চালানো হচ্ছে। কিন্তু রপ্তানির ক্ষেত্রে সমস্যা হচ্ছে। বিষয়টি নিয়ে বিভিন্ন দপ্তরে আলোচনা করা হয়েছে কিন্তু সমস্যার সমাধান হয়নি। ফলে ২৮ এপ্রিল থেকে পেট্রাপোল বন্দরের মতো একটি গুরুত্বপূর্ণ বন্দর দিয়ে আমদানি রপ্তানি কমে গিয়েছে। প্রতিদিন কোটি কোটি টাকার ব্যবসার ক্ষতি হচ্ছে। ফলে অর্থমন্ত্রী নির্মলা সীতারামকে ই-মেইলের মাধ্যমে সমস্যা সমাধানের জন্য আবেদন করা হয়েছে। অন্যদিকে আমদানি রপ্তানি ব্যবসার সঙ্গে যুক্ত ব্যবসায়ীরা জানাচ্ছেন, লিংক সমস্যার কারণে ব্যবসায়ীদের কয়েকশো কোটি টাকার ক্ষতি সম্মুখীন হতে হচ্ছে। সমস্যার সমাধানের জন্য কাস্টমসের আধিকারিকদের আরো সচেষ্ট হতে অনুরোধ করেন। যদিও পেট্রাপোল বন্দর কর্তৃপক্ষের কোনও বক্তব্য পাওয়া যায়নি।

# অসুস্থ রাজমিস্ত্রির ছেলের পড়াশোনার দায়িত্ব নিলেন বিধায়ক



**নিজস্ব প্রতিবেদন, মেদিনীপুর:** ৬৪৮ নম্বর পেয়ে মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ঘাটালের রাকেশ সামন্তর পড়াশোনার দায়িত্ব নিলেন বিধায়ক শীতল কপাট। রাকেশের বাবা ঘাটাল পুরসভার ৭ নম্বর ওয়ার্ডের রামচন্দ্রপুরের বাসিন্দা শীতল সামন্ত রাজমিস্ত্রি ছিলেন। তিন বছর আগে কাজ করার সময় আহত হন। বর্তমানে তিনি শয্যাশায়ী। বাড়ির আর্থিক অবস্থা তাই খুব খারাপ। এজন্য রাকেশ মাধ্যমিক পরীক্ষায় ৬৪৮ নম্বর পাওয়ায় সবাই খুশি হলেও আগামী দিনের কথা ভেবে কার্যত দিশাহারা পরিস্থিতি পরিবারে। এই অবস্থায় রাকেশের পাশে এসে দাঁড়ালেন ঘাটালের বিজেপি বিধায়ক শীতল কপাট। তিনি রাকেশের উচ্চ মাধ্যমিকে পড়াশুনোর সমস্ত খরচ বহন করবেন বলে জানিয়েছেন। তাদের বাড়িতে গিয়ে রাকেশ ও তার পরিবারকে মিষ্টিমুখ করিয়েছেন। স্থানীয় বিধায়ক ছেলের আগামী দিনের পড়াশোনার দায়িত্ব বিধায়ক নিজের কাঁধে তুলে নেওয়াতে যথেষ্ট খুশি হয়েছেন রাকেশের বাবা শীতল সামন্ত।

# কার্ল মার্কসের জন্মদিনে শ্রদ্ধা

**নিজস্ব প্রতিবেদন, বালুরঘাট:** কার্ল মার্কসের ২০৮ তম জন্মদিনে শ্রদ্ধা জানালেন বাম নেতারা। কুমারগঞ্জ এরিয়া কমিটির উদ্যোগে গোপালগঞ্জে দপ্তরের কার্যালয়ে এদিন তাঁর প্রতিকৃতিতে মাল্যদান ও পুষ্পার্ঘ্য অর্পণ করেন বাম নেতারা। পাশাপাশি, কাল মার্কসের দর্শন ও তাঁর বৈপ্লবিক চিন্তাধারার উপর বক্তব্য রাখেন এরিয়া কমিটির সম্পাদক রণজিৎ কুমার তালুকদার। এছাড়াও উপস্থিত ছিলেন অজিত সূত্রধর, কৃষক ফ্রন্টের পক্ষে কান্তি ভূষণ সরকার, শিক্ষক আন্দোলনের নেতৃত্ব অমৃত মণ্ডল প্রমুখ।

# বিধবাকে বাড়ির সামনে থেকে তুলে নিয়ে গিয়ে ধর্ষণের চেষ্টার অভিযোগ, গ্রেপ্তার ২, পলাতক ১

**নিজস্ব প্রতিবেদন, মালদা:** মধ্যবয়স্ক এক বিধবাকে বাড়ির সামনে থেকে তুলে নিয়ে গিয়ে ধর্ষণের চেষ্টার ঘটনায় তুমুল চাঞ্চল্য ছড়ালো গাজোলে। ওই মহিলার চিৎকার শুনে গ্রামবাসীরা ছুটে এসে দুই অভিযুক্তকে হাতেনাতে ধরে ফেলে। ঘটনার সময় আরো এক অভিযুক্ত সুযোগ বুঝে ওই এলাকা থেকে পালিয়ে যায় বলে অভিযোগ। আর তারপরেই দুই অভিযুক্তকে মহিলার ওপর নির্যাতন ও ধর্ষণের চেষ্টার অভিযোগ তুলে ব্যাপক গণপিটুনি দেয় ক্ষিপ্ত জনতা। রবিবার রাত দশটা নাগাদ ঘটনাটি ঘটেছে গাজোল থানার সালাইডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের পূর্ব অনন্তপুর এলাকায়। রাতেই গণপিটুনির হাত থেকে ওই দুই যুবককে উদ্ধার করে পুলিশ। এরপর তাদের চিকিৎসার জন্য ভর্তি করানো হয় মালদা মেডিক্যাল কলেজে। পাশাপাশি নির্যাতিতা ওই মহিলাকে প্রাথমিক চিকিৎসার জন্য গাজোল গ্রামীণ হাসপাতালে ভর্তি করানো হয়। পরে তাদের ছেড়ে দেওয়া হয়। সোমবার ধৃত দুইজনকেই মালদা আদালতে পেশ করেছে পুলিশ।



পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, ধৃত দু'জনের নাম ওহিদুর রহমান ও রফিকুল ইসলাম। পাশাপাশি মজনু রহমান নামে আরও এক যুবক পলাতক রয়েছে। এই তিনজনের বাড়ি পূর্ব অনন্তপুরে। একই গ্রামের বাসিন্দা ওই বিধবা মহিলা। এদিন রাতে হঠাৎই ঝড় বৃষ্টি শুরু হয়। সেই সময় বাড়ি থেকে বেরিয়ে দুটি ছাগল, একটি গোরুর বাছুরকে আনতে যায় ওই মহিলা। সেই সময় সুযোগ বুঝেই প্রতিবেশী তিন যুবক ওই মহিলার মুখ চেপে পাশের ভুট্টার খেতে নিয়ে গিয়ে ধর্ষণের চেষ্টা চালায় বলে অভিযোগ। সেই সময় বাঁধা দেওয়ায় ওই মহিলাকে ব্যাপক মারধর করা হয়।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, দীর্ঘদিন আগেই ওই মহিলার স্বামী মারা গিয়েছেন। ৪০ বছর বয়সি ওই মহিলার দুই ২০ এবং ২২ বছর বয়সি ছেলে রয়েছে। তারাও বাইরে কাজ করেন। ঘটনার দিন বাড়িতে দুই ছেলে ছিল না। এদিকে এই ঘটনার পর আক্রান্ত এই মহিলার সঙ্গে গাজোল গ্রামীণ হাসপাতালে গিয়ে দেখা করেন সংশ্লিষ্ট এলাকার বিধায়ক চিন্ময় দেব বর্মন। তিনি বলেন, ঘটনাটি অত্যন্ত নিন্দনীয়। যারা ওই মহিলার ওপর হামলা চালিয়েছে তাদের দুইজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। আরো একজন পলাতক। প্রত্যেকের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানানো হয়েছে। গাজোল থানার পুলিশ জানিয়েছে, ওই মহিলাকে বেশ কিছুক্ষণ ধরে নির্যাতন চালানো হয়। ধর্ষণের চেষ্টা করে তিন অভিযুক্ত। গ্রামবাসীদের তাড়া খেয়ে একজন পালিয়ে যায়। বাকি দু'জন ধরা পড়ে যায়। তাদের ব্যাপক গণপিটুনি দেয় ক্ষিপ্ত জনতা। রীতিমতো আধমরা অবস্থায় ওই দু'জনকে জনরোষ থেকে উদ্ধার করা হয়। পরে তাদের মেডিক্যাল কলেজে প্রাথমিক চিকিৎসা করিয়েই সোমবার মালদা আদালতে পেশ করা হয়েছে। বাকি অভিযুক্তের খোঁজ চালানো হচ্ছে।


**ব্যাঙ্ক অফ ইন্ডিয়া Bank of India BOI Relationship beyond banking**

**বর্ধমান জোনাল অফিস, ৪৪৬/এন, আর্মস্ট্রং এভিনিউ, বিধান নগর, সেক্টর -২এ, দুর্গাপুর, জেলা - বর্ধমান, পিন - ৭১৩২১২, ইমেল : zo.bardhaman@bankofindia.co.in**

**অতিরিক্ত বকেয়া লকার ভাড়া প্রদানের নোটিশ**

| ক্রম নং | লকার ধারণকারীর নাম | ঠিকানা | অতিরিক্ত বকেয়া লকার ভাড়া | প্রেরিত নোটিশ-গুলির বিস্তারিত | কবে থেকে বকেয়া | শাখা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | টিংকু কেডিয়া | গ্রাম -জামুরিয়া হাট পো: জামুরিয়া হাট, জেলা বর্ধমান জামুরিয়া বাজার, জেলা - বর্ধমান পব - ৭১৩৩৩৬ | ১৫০০০ এবং জিএসটি | ১) ০১.১১.২০২৪ ২)১১.১২.২০২৪ ৩)১৮.০৩.২০২৫ | ০১.০৫.২০১৫ | জামুরিয়া |
| ২ | প্রদীপ কুমার হালদার | মান্দারন ইটাচুনা হুগলি | ১৬৫০০ এবং জিএসটি | ১) ১২.০৭.২০২৪ ২) ২০.১২.২০২৪ ৩) ০৬.০৩.২০২৫ | ১৪.০৪.২০১৫ | বর্ধমান |

উপরোক্ত সংশ্লিষ্ট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার শাখাগুলিতে (৭ নং কলামে উল্লিখিত মতে) উল্লিখিত নিকট সকল লকার ব্যবহারকারীগণের উদ্দেশ্যে বিভিন্ন সময়ে একাধিকবার যোগাযোগ করা হয়েছে অতিরিক্ত বকেয়া লকার ভাড়া , যা ৫ নং কলামে উল্লেখ করা হয়েছে প্রদানের জন্য। কিন্তু বারবার তাগাদা দেওয়া সত্ত্বেও তা মেটানো হয়নি। সংশ্লিষ্ট সকল লকাল ব্যবহারকারীদের সংশ্লিষ্ট ৪ নং কলামে উল্লিখিত অতিরিক্ত বকেয়া ভাড়া এই নোটিশ প্রকাশের ৭ দিনের মধ্যে আদায় দিতে অনুরোধ করা হচ্ছে। এই নোটিশ প্রকাশের ৭ দিনের মধ্যে ব্যাঙ্কের নিকট বকেয়া অতিরিক্ত লকার ভাড়া আদায় না দিলে ব্যাঙ্ক ভাড়া প্রদান না করায় সংশ্লিষ্ট লকারগুলি ভেঙে খুলতে, লকারধারীদের ব্যয়ে, শুল্কে এবং চার্জ তাদের সম্পূর্ণ ঝুঁকি এবং দায়িত্বে।

**তারিখ : ০৬.০৫.২০২৫, স্থান : বর্ধমান** — **অনুমোদিত অফিসার, ব্যাঙ্ক অফ ইন্ডিয়া**



**SBI**

**স্ট্রেসড অ্যাসেটস রিকভারি ব্রাঞ্চ, সাউথ বেঙ্গল**
**জীবনদীপ বিল্ডিং, ৩য় তল, ১, মিডলটন স্ট্রিট, কলকাতা - ৭০০ ০৭১**
ফোন - (০৩৩) ২২৮৮ ৪৪৩৭, ফ্যাক্স - (০৩৩) ২২৮৮ ৪৩০২, ই-মেল - sbi.15196@sbi.co.in

**ই-নিলাম বিক্রয় নোটিশ**

অনুমোদিত অফিসারের বিস্তারিত - নাম - সংঘমিত্রা গঙ্গোপাধ্যায়, ই-মেল আইডি -sanghamitra.gupta@sbi.co.in মোবাইল নং - ৯৬৭৪৭৪১৯১৮

স্থাবর সম্পদ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় নোটিশ ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইন এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৯(১) তৎসহ পঠিত রুল ৮(৬) অধীনে স্থাবর সম্পত্তির ক্ষেত্রে।
এতদ্বারা সাধারণের প্রতি সাধারণভাবে এবং ঋণগ্রহীতা/জামিনদাতাগণ/বন্ধকদাতাগণের প্রতি বিশেষভাবে অবগত করা হচ্ছে জামিন অধীনে ঋণদাতার নিকট বন্ধকদত্ত নিম্নোক্ত বিস্তারিত মতে স্থাবর সম্পত্তি জামিন অধীনে ঋণদাতা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার অনুমোদিত অফিসার কর্তৃক **প্রতীকী দখলীকৃত** এবং 'যেখানে যা আছে', 'যেখানে যেমন আছে' এবং 'যেখানে যে অবস্থায় আছে' ভিত্তিতে বকেয়া আদায়ের জন্য বিক্রয় করা হবে নিম্নোক্ত তারিখ মোতাবেক।

**ই-নিলামের তারিখ এবং সময় - তারিখ - ২৩.০৫.২০২৫**
**নিলামের সময় - সকাল ১১টা থেকে বেলা ৪টে পর্যন্ত প্রতিটি অসীমামিয়ত ১০ মিনিটের সম্প্রসারণ সহ**

| ক্রম নং | ইউনিট/ঋণগ্রহীতা/জামিনদাতাগণের নাম | বিক্রয়দত্ত সম্পত্তির বিস্তারিত | সম্পত্তির বিস্তারিত | ক) সংরক্ষিত মূল্য খ) ইএমডি ১০ শতাংশ গ) ডাক বর্ধিত পরিমাণ | নিলামের তারিখ এবং যোগাযোগের ব্যক্তি |
|---|---|---|---|---|---|
| ১ | **শ্রী রাসবিহারী পাত্র (রাসবিহারী)** পিতা পূর্ণ চন্দ্র পাত্র গ্রাম : পানা, পো : দোরো জয়নগর, থানা : দুর্গাচক,হলদিয়া,জেলা পূর্ব মেদিনীপুর, পিন : ৭২১৬৩৫, পশ্চিমবঙ্গ | সংশ্লিষ্ট সকল অংশ জমি এবং তদস্থিত অংশ তিন এবং অংশত চারতলা বসবাসের ভবন, মৌজা : পানা, জেএল নং ১০৫, আরএস নং ১৫৮০, খতিয়ান নং ২২০, এলআর খতিয়ান নং ৬১৫/৪, আরএস এবং এলআর দাগ নং ৪৬৩, প্রেমিসেস নং এন-৩৪৫, গৌরী মঠ গিরিশ মোড়, ওয়ার্ড নং ০৩, হলদিয়া পুরসভা অধীন, থানা : দুর্গাচক পো : দুরাজয়নগর, পিন : ৭২১৬৩৫, জেলা : পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ, এরিয়া ০৮ ডেসিমেল কমবেশি অংশ তিন এবং অংশত চারতলা ভবন, সম্পত্তি শ্রী রাসবিহারী পাত্র (রাসবিহারী) এর নামে, উল্লেখ দলিল নং ১-৩০০০/২০০১। জমির শ্রেণি : বাস্তু। **চৌহদ্দি :** উত্তরে : পুকুর, দক্ষিণে : ৮ ফুট পানা রোড, পূর্বে : খালি জমি, পশ্চিমে বিমল মন্ডলের ভবন। **সম্পত্তি ব্যাঙ্কের প্রতীকী দখলীকৃত।** | **২৬,৩২,০১০.০০ টাকা (ছাব্বিশ লাখ বত্রিশ হাজার দশ টাকা) ২২.০৭.২০২৪ অনুযায়ী** আপনারা উক্ত পরিমাণের সহিত চুক্তি মোতাবেক হারে পরবর্তী সুদ, তাৎক্ষণিক ব্যয়, মূল্য, চার্জ ইত্যাদি দিতে দায়বদ্ধ | ক) ৫৭,৪০,০০০.০০ টাকা খ) ৫,৭৪,০০০.০০ টাকা গ) ৫০,০০০.০০ টাকা | নিলামের তারিখ ২৩.০৫.২০২৫ যোগাযোগের ব্যক্তি ৯৬৭৪৭৪১৯১৮ ৭৫৫০৯০০০৪৯ |

**পর্যবেক্ষণের তারিখ ১৬.০৫.২০২৫ সময় - সকাল ১১টা থেকে দুপুর ৩টে**

ক) বিক্রয়ের বিশদ নিয়ম এবং শর্তাবলীর জন্য, অনুগ্রহ করে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, সিকিউরড ক্রেডিটরের ওয়েবসাইট www.sbi.co.in এবং নির্দিষ্ট ই-নিলামের জন্য নির্দিষ্ট লিঙ্কে দেওয়া লিঙ্কটি দেখুন https://BAANKNET.com
খ) ইচ্ছুক দরদাতা/গণ তার ইএমডির পরিমাণ PSB Alliance Pvt. Ltd. সাথে রক্ষণাবেক্ষণ করা তার বিডার অ্যাকাউন্টে তৈরি করা চালানের মাধ্যমে স্থানান্তর করতে হবে। নিলামের তারিখের আগে তার ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে NEFT/RTGS স্থানান্তর করে। কোনও জিজ্ঞাস্য থাকলে অনুগ্রহ করে support.baanknet@psballiance.com বা ৮২৯১২২০২২০ যোগাযোগ করুন

**ই-নিলাম প্রক্রিয়ায় অংশগ্রহণের পূর্বে আগ্রহী ডাকদাতাদের পরামর্শ দেওয়া হচ্ছে উক্ত ওয়েবসাইটে সংযুক্ত নিয়ম এবং শর্তাদি অনুধাবন করতে**

তারিখ : ০৬.০৫.২০২৫
স্থান : কলকাতা
সংশ্লিষ্ট ক্ষেত্রে কোনও বিতর্কের সৃষ্টি হলে ইংরাজি মাধ্যমকেই সঠিক গণ্য করতে হবে
অনুমোদিত অফিসার, স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া



**বর্ধমান জোনাল অফিস**
৪৪৬/এন, আর্মস্ট্রং এভিনিউ, বিধান নগর, সেক্টর -২এ, দুর্গাপুর, জেলা - বর্ধমান, পিন - ৭১৩২১২, ফোন নং - ০৩৪২-২৬৬৫৭০৩

**দখল বিজ্ঞপ্তি** (স্থাবর সম্পত্তির জন্য) পরিশিষ্ট - IV [ দ্রষ্টব্য রুল-৮(১)]

যেহেতু
নিম্নস্বাক্ষরকারী **ব্যাঙ্ক অব ইন্ডিয়া,** অনুমোদিত অফিসার হিসেবে সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট আইন ২০০২ এর ১৩(১২) ধারা এবং তৎসহ পঠিত ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৩ সংস্থান অধীনে **২৮.০১.২০২৫ তারিখে** ঋণগ্রহীতা **শ্রী অজয় ধানি (স্বত্বা - মেসার্স চণ্ডীমাতা ট্রেডার্স)** কে নোটিশে উল্লিখিত বকেয়া পরিমাণ **২১,৪৬,১৬৬.৯৬ টাকা (একুশ লাখ ছেচল্লিশ হাজার একশ ছেষট্টি টাকা এবং ছিয়ানব্বই পয়সা)** পরবর্তী সুদ বার্ষিক ১১.২৬ শতাংশ যৌগিক হারে মাস অন্তর, এবং সকল ব্যয়, চার্জ এবং পুঞ্জীভূত ব্যয় সহ সম্পূর্ণ আদায় না হওয়া পর্যন্ত নোটিশ পাওয়ার তারিখ থেকে ৬০ দিনের মধ্যে আদায় দেওয়ার জন্য এক দাবি নোটিশ ইস্যু করেছেন।
ঋণগ্রহীতা সংশ্লিষ্ট বকেয়া পরিমাণ আদায়দানে ব্যর্থ হওয়ায় ঋণগ্রহীতাকে এবং সাধারণকে বিজ্ঞাপিত করা হচ্ছে নিম্নস্বাক্ষরকারী সংশ্লিষ্ট আইনের ১৩ ধারার উপধারা (৪) ধারা এবং উক্ত রুলসের রুল ৮ সংস্থান অধীনে নিম্নোক্ত জামিনদত্ত সম্পত্তি/সমূহের স্বত্ব দখল করেছেন **৩ মে ২০২৫ তারিখে।**
ঋণগ্রহীতাকে বিশেষভাবে এবং সাধারণের প্রতি সাধারণভাবে সতর্কিত করা হচ্ছে কোনওভাবেই জামিনদত্ত সম্পত্তির লেনদেন না করতে এবং কোনওরূপ লেনদেন **ব্যাঙ্ক অব ইন্ডিয়া** নিকট বকেয়া পরিমাণ **২১,৪৬,১৬৬.৯৬ টাকা** এবং পরবর্তী সুদ সহ আদায়দান সাপেক্ষ।
**ঋণগ্রহীতার অবগতির জন্য বিজ্ঞাপিত হচ্ছে যে উক্ত আইনের ১৩ ধারার উপধারা (৮) অধীনে নির্ধারিত সময়ের মধ্যে বকেয়া পরিমাণ আদায়দান সাপেক্ষে উক্ত জামিনদত্ত সম্পত্তি উদ্ধার করতে পারেন।**

**স্থাবর সম্পত্তির বিবরণ**

সমপরিমাণ বন্ধকদত্ত জমি, ভবন এবং নির্মাণ , অবস্থিত মৌজা : চাঁদিনী সাহেবগঞ্জ, জেএল নং ৭, আরএস প্লট নং ৭৮/১০৮৯, এলআর প্লট নং ৭১৫, খতিয়ান নং ২৭৫৫, সিউড়ি, বীরভূম, ০.০০৫ একর **সম্পত্তি শ্রী অজয় ধানী এর নামে,** শ্রেণি-বাস্তু। **চৌহদ্দি :** উত্তরে : অন্যান্যর ভবন, দক্ষিণে : অন্যান্যর ভবন, পূর্বে : ১৫ ফুট চওড়া পুরসভা সড়ক। পশ্চিমে : শিব মন্দির।

তারিখ- ০৫.০৫.২০২৫
স্থান- সুরি
অনুমোদিত অফিসার, ব্যাঙ্ক অব ইন্ডিয়া



**পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক punjab national bank**

**দখল বিজ্ঞপ্তি** (স্থাবর সম্পত্তির জন্য) [রুল-৮(১)]

**সার্কেল SASTRA মুর্শিদাবাদ, ২৬/১১, শহিদ সূর্য সেন রোড**
**পো. বহরমপুর, জেলা - মুর্শিদাবাদ, (পব), ই-মেল : cs8283@pnb.co.in**

যেহেতু,
নিম্নস্বাক্ষরকারী পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের অনুমোদিত অফিসার হিসেবে ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩ ধারা এবং তৎসহ পঠিতব্য ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট রুলসের রুল ৩ সংস্থান অধীনে প্রদত্ত ক্ষমতাবলে সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণকে প্রতিটি অ্যাকাউন্টের অধীনে সংশ্লিষ্ট তারিখ অনুযায়ী নোটিশে উল্লিখিত বকেয়া পরিমাণ নোটিশ পাওয়ার তারিখ থেকে ৬০ দিনের মধ্যে আদায়দানের জন্য দাবি নোটিশ/গুলি ইস্যু করেছেন।
ঋণগ্রহীতাগণ উক্ত বকেয়া পরিমাণ আদায়দানে ব্যর্থ হওয়ায় ঋণগ্রহীতাগণ এবং সাধারণের প্রতি বিজ্ঞাপিত হচ্ছে নিম্নস্বাক্ষরকারী উক্ত আইনের ১৩ ধারার উপধারা (৪) এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট রুলসের রুল ৮ সংস্থান অধীনে প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোক্ত তারিখে সংশ্লিষ্ট জামিনদত্ত সম্পত্তি(সমূহ) স্বত্ব দখল করেছেন।
ঋণগ্রহীতাগণ/জামিনদাতা/বন্ধকদাতার অবগতির জন্য জানানো হচ্ছে উক্ত আইনের ১৩ ধারার উপধারা (৮) সংস্থান অধীনে নির্দিষ্ট তারিখের মধ্যে বকেয়া পরিমাণ আদায় দিয়ে জামিনদত্ত সম্পদ উদ্ধার করতে পারেন।
ঋণগ্রহীতাগণকে বিশেষভাবে এবং সাধারণের প্রতি সাধারণভাবে সতর্কিত করা হচ্ছে তারা যেন কোনওভাবেই জামিনদত্ত সম্পত্তি/সমূহের কোনরূপ লেনদেন না করেন। সংশ্লিষ্ট সম্পত্তি/সমূহের কোনরূপ লেনদেন পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের সমুদয় বকেয়া পরিমাণ সুদ সহ আদায়দান সাপেক্ষ।

| ক্রম নং | ক) অ্যাকাউন্ট নাম খ) শাখার নাম | বন্ধকদত্ত সম্পত্তির বিস্তারিত | ক) দাবি নোটিশের তারিখ খ) দখলের তারিখ গ) দাবি নোটিশের তাং অনুযায়ী বকেয়া পরিমাণ |
|---|---|---|---|
| ১. | ক) **সামিম আকতার সরকার** পিতা সাখাউদ্দিন সরকার **এবং লাভলি খাতুন** প্রযত্নে মোজাম্মেল হক। খ) **ইসলামপুর শাখা** | সংশ্লিষ্ট সকল অংশ জমি এবং বসবাসের ভবন অবস্থিত মৌজা : কসবাগোয়াস,জেএল নং ৬১, দাগ নং আরএস এবং এলআর ১৭০৫, এলআর খতিয়ান নং ১০৯৯৫, জমির শ্রেণি : ভিটা, এরিয়া পরিমাণ ০৪ ডেসিমেল, ইসলামপুর চক গ্রাম পঞ্চায়েত অধীন, গোয়াস বাজার এর নিকট, পো : গোয়াস, থানা : ইসলামপুর, জেলা : মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ, রেজি অফিস জেলা রেজিস্ট্রার মুর্শিদাবাদ , বিক্রয় দলিল নং ৩৯৬৩-২০০১ সালের, সম্পত্তি সামিম আকতাল সরকার পিতা সাখাউদ্দিন সরকারের নামে। **সম্পত্তির চৌহদ্দি :** উত্তরে : পিচ রোড, পূর্বে : মুর্তাজ সরকারের খালি জমি, দক্ষিণে : বীরেন সাহার খালি জমি, পশ্চিমে : কদম শেখের গুদাম। | **ক) ১১.০২.২০২৫ খ) ০৩.০৫.২০২৫ গ) ১০,০৯,৯৫৯.০০ টাকা (দশ লাখ নয় হাজার নশো উনষাট টাকা) টাকা ৩১.০১.২০২৫ অনুযায়ী এবং ৩১.০১.২০২৫ পর্যন্ত পরবর্তী সুদ সহ** |

তারিখ : ০৩.০৫.২০২৫
স্থান : ইসলামপুর, জেলা - মুর্শিদাবাদ
অনুমোদিত অফিসার, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক



**এল&টি ফাইনান্স লিমিটেড**
(পূর্বে, এল&টি ফাইনান্স হোল্ডিংস লিমিটেড)
**রেজিস্টার্ড অফিস:** এল&টি ফাইনান্স লিমিটেড, বৃন্দবন বিল্ডিং, প্লট নং 177, কালিনা, সিএসটি রোড, মার্সিডিজ শোরুমের কাছে, সান্তাক্রুজ (পূর্ব), মুম্বাই 400 098
**CIN No.:** L67120MH2008PLC181833
**ব্রাঞ্চ অফিস:** কলকাতা

L&T Finance

**বন্ধকী সম্পত্তি বিক্রির জন্য পাবলিক অকশন**

সিকিউরিটিজাইসেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইনান্সিয়াল অ্যাসেট্স অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইন, 2002 [54 OF 2002]-এর অধীনে এল&টি ফাইনানাস লিমিটেড-এর অনুমোদিত আধিকারিক এবং উক্ত আইনের প্রদত্ত ক্ষমতা প্রয়োগে নিম্নলিখিত সম্পত্তির অকশন করা হচ্ছে **''যেখানে যেমন ভিত্তিতে'' এবং ''যেখানে যেমন অবস্থায় আছে''** এমন অবস্থায় **''পাবলিক অকশন''** করা হচ্ছে যাতে এর বকেয়া অর্থ এবং পরবর্তী সুদ, চার্জেস এবং মূল্য ইত্যাদি পুনরুদ্ধার করা যায়।

| ঋণগ্রহণকারী এবং উপ-ঋণগ্রহণকারীর নাম | সুরক্ষিত সম্পত্তির ঠিকানা | লোন অ্যাকাউন্ট নম্বর (গুলি) | শারীরিক দখল নেওয়া | আর্নেস্ট মানি ডিপোজিট 10% বা আরপি-এর বেশি (টাকায়) | সর্বমোট বকেয়া আছে 06.12.2024 অনুসারে | রক্ষিত মূল্য (টাকায়) | ইনস্পেকশনের তারিখ | অকশনের তারিখ এবং সময় |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1. রিক্রিয়েশন বিনিময় প্রাইভেট লিমিটেড (ইহার ডাইরেক্টর হেমন্ত সিকারিয়া মাধ্যমে) 2. হেমন্ত সিকারিয়া 3. সুচি সিকারিয়া | **অনুসূচি - I** সমস্ত খণ্ড ও অংশের সম্পত্তির ঠিকানা : ফ্ল্যাট নং 505, পাঁচতলায় থাকা প্রায় 405 বর্গফুট সুপার বিল্ট আপ আয়তন পরিমাপযুক্ত, প্রায় 3 কাঠা 3 ছটাক এবং 36 বর্গফুট পরিমাপের জমির ওপর নির্মিত, মিউনিসিপ্যাল পরিসর নং 17এ, রতন সরকার গার্ডেন স্ট্রীট (পূর্বতন মিউনিসিপ্যাল পরিসর নং 17, রতন সরকার গার্ডেন স্ট্রীটের অংশ গঠন করা), কোলকাতা – 700 007, মিউনিসিপ্যাল ওয়ার্ড নং 22, পোস্তা থানার (পূর্বতন বড়বাজার) অধীনস্থ কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন সীমার মধ্যেই একত্রে কথিত পরিসরের জমিতে আনুপাতিক এবং অবিচ্ছেদ্য শরিকানা তথা কমন এরিয়াতে ব্যবহারকারীর কমন অধিকার আর কথিত ইমারতের সুবিধাদি সহ এবং পরিসর নিম্নরূপে সীমানাবদ্ধ : চতুর্সীমা — পূর্ব: 16 ফুট চওড়া রাস্তা/রতন সরকার স্ট্রীট দ্বারা; পশ্চিম: G+1 তলা ইমারত/পরিসর নং 24/1'র প্যাসেজ এবং ড্রেনেজ, মহর্ষী দেবেন্দ্র রোড দ্বারা; উত্তর: G+1 তলা ইমারত/পরিসর নং 2'র প্যাসেজ, মহর্ষী দেবেন্দ্র রোড দ্বারা; দক্ষিণ: মন্দির/কথিত পরিসর নং 17'র অবশিষ্ট অংশ হওয়া লট–'এ' (দেবত্র অংশ), রতন সরকার গার্ডেন স্ট্রীট দ্বারা | KOLHL180 00515 | 23.12.2024 | টাঃ 4,95,720/- | টাঃ 31,27,572.80/- | টাঃ 49,57,200/- | আগাম অ্যাপয়েন্টমেন্ট সহ সমস্ত কাজের দিন সকাল 10টা থেকে বিকেল 5টা 30 পর্যন্ত | 27.05.2025 বেলা 12টা থেকে দুপুর 2টো পর্যন্ত |

**পাবলিক অকশনের নিয়ম এবং শর্তাবলি**

1. ই-অকশন সেল পরিচালিত হবে অনলাইনে অনুমোদিত আধিকারিক দ্বারা উক্ত ওয়েবসাইটের মাধ্যমে https://sarfaesi.auctiontiger.net/EPROC/ - এ SARFAESI আইনের বর্ধনের অধ নে সাহায্যের সাথে এবং পাবলিক ই-অকশনের মোডে।
2. পাবলিক ই-অকশনটি পরিচালিত হবে উপরে উল্লেখিত তারিখ এবং সময় অনুসারে, যখন উপরে উল্লেখিত সম্পত্তিটি বিক্রি হবে **''যেখানে যেমন ভিত্তিতে'' এবং ''যেখানে যেমন অবস্থায় আছে''** এমন অবস্থায় ।
3. পাবলিক ই-অকশনে অংশগ্রহণে, আগ্রহী ক্রেতা / দরদাতাদের উক্ত সুরক্ষিত সম্পত্তির সংরক্ষিত মূল্যের ফেরতযোগ্য আর্নেস্ট মানি ডিপোজিটের 10% পেমেন্টের বিস্তারিত বিবরণের কপি জমা করতে হবে, সেই সঙ্গে প্যানকার্ডের কপি, কোম্পানির হলে বোর্ড রিসোলিউশন্স এবং ঠিকানার প্রমাণপত্র **26/05/2025**-এর মধ্যে জমা করতে হবে।
4. সমস্ত অন্যান্য ইএমডি দরদাতা যাঁরা পাবলিক ই-অকশনে সাফল্য লাভ করবেন না তাঁরা এল অ্যান্ড টি ফাইনান্স-এর থেকে 7 দিনের মধ্যে টাকা ফেরত পাবেন পাবলিক ই-অকশন বন্ধ হওয়ার পরে। ইএমডি কোনও সুদ প্রদান করবে না।
5. সাফল্যমন্ডিত ক্রেতা / দরদাতাকে 25% ডিপোজিট টাকা জমা দিতে হবে (ইএমডি সহ) তাঁর প্রাপ্ত অফার পাওয়ার জন্য ডি.ডি. / পি.ও. ''এল&টি ফাইনান্স লিমিটেড''-এর নামে যা প্রদান করতে হবে মুম্বাইতে যা **27/05/2025**-তারিখের 18:00 ঘণ্টার মধ্যে বা আগে, ই-অকশন-এর দিন বা পরবর্তী কাজের দিনে যা হল **28/05/2025**, যার ডিপোজিট প্রাপ্তি নির্দিষ্ট করবে এল&টি ফাইনান্স লিমিটড, বিক্রি ব্যর্থ হলে তা ব্যর্থ বলে গণ্য করা হবে এবং সাফল্যমন্ডিত দরদাতার ইএমডি বাজেয়াপ্ত করা হবে। ব্যালেন্স অ্যামাউন্ট যা হল ক্রয় মূল্যের 75% প্রদান করতে হবে ক্রেতাকে এল&টি ফাইনান্স লিমিটেড-কে স্থাবর সম্পত্তির বিক্রির নিশ্চিতকরণের পনেরো দিনের আগে বা বর্তমান আইন অনসারে বর্ধিত সময়কালে।
6. সম্পত্তির পরিদর্শন বা অধিক বিবরণের জন্যে, সম্ভাব্য দরদাতাগণ অনুমোদিত আধিকারিকের সঙ্গে যোগাযোগ করতে পারেন, অর্থাৎ **''নাম – হাসান আববাস এবং সন্তোষ তিওয়ারি, এল অ্যান্ড টি ফিন্যান্স লিঃ – কার্যালয় : 6ষ্ঠ তল, বৃন্দাবন বিল্ডিং, প্লট নং 177, কালিনা, সিএসটি রোড, মার্সিডিজ শোরুমের নিকটে, সান্তাক্রুজ (পূর্ব), মুম্বই – 400 098. যোগাযোগের নং 022-68076666.** ই-অকশনের যেকোন পর্যায়ে, অনুমোদিত আধিকারিক বিড/অফার গ্রহণ/প্রত্যাখ্যান/কিছুটা পরিবর্তন/বাতিল বা ই-অকশন স্থগিত করতে পারেন উহার কোনও কারণ আরোপ করা ছাড়াই এবং কোনও আগাম বিজ্ঞপ্তি দেওয়া ছাড়াই।
7. সফল ক্রেতা বা নিলামকারী বহন করবেন যে-কোনও বিধিবদ্ধ বকেয়া, ট্যাক্সেস, প্রদানযোগ্য ফীজ, স্ট্যাম্প ডিউটি, রেজিস্ট্রেশন ফীজ ইত্যাদি যা তাঁকে প্রদান করতে হবে সম্পত্তি পাওয়ার জন্য বা তাঁর নামে নিষ্কৃত করার জন্য প্রযোজ্য আইন অনুসারে।
8. ঋণগ্রহণকারী বা গ্যারেন্টার্স, যাঁরা উক্ত বকেয়ার জন্য দায়বদ্ধ, তাঁরা এই সেল নোটিশকে একটা নোটিশ বা বিজ্ঞপ্তি বলে গ্রহণ করবেন সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস-এর অনুসারে রুলস 8 (6)-এর অধীনে, উপরে উল্লেখিত পাবলিক ই-অকশনটি ধারণ করার ক্ষেত্রে।
9. ঋণগ্রহণকারী(গণ) / উপ-ঋণগ্রহণকারী(গণ) / গ্যারেন্টার(গণ) / মর্টগেজার বা বন্ধকদাতাদের আহ্বান জানানো হচ্ছে সমগ্র বকেয়া লোন বা ঋণ অ্যামাউন্টটি প্রদান করতে উপরে উল্লেখিত ই-অকশনের তারিখের আগে তা না হলে এল&টি ফাইনান্স লিমিটেড এই সম্পত্তি বিক্রি করার অধিকারী হবেন এসএআরএফএইএসআই-এর আইন, 2002-এর নির্ধারিত বিধান অনুসারে।
10. ঋণগ্রহণকারী(গণ) / উপ-ঋণগ্রহণকারী(গণ) / গ্যারেন্টার(গণ) / মর্টগেজার(গণ) / জনগণক এতৎদ্বারা সংযত থাকতে বলা হচ্ছে বিক্রি, সেল, লীজ থেকে, অন্যথায় নোটিশ বা ঘোষণায় যে সুরক্ষিত সম্পত্তির উল্লেখ করা হয়েছে এল&টি ফাইনান্স লিমিটেড-এর পূর্ব লিখিত সম্মতি ব্যাতীত।

**তারিখ:** 06.05.2025
**স্থান:** কলকাতা
স্বাক্ষরিত
**অনুমোদিত আধিকারিক**
এল&টি ফাইনান্স লিমিটেড-এর তরফে



**SBI**

**স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া**
**স্ট্রেসড অ্যাসেটস রিকভারি ব্রাঞ্চ, বর্ধমান**
উল্লাস গেট নং ১, বর্ধমান - ৭১৩১০৪, ইমেল ঃ **sbi.14817@sbi.co.in**

**ই-নিলাম বিক্রয় নোটিশ**

অনুমোদিত অফিসারের বিস্তারিত ঃ নাম ঃ অভিজিৎ চক্রবর্তী, ইমেল আইডি ঃ sbi.14817@sbi.co.in, মোবাইল নং ঃ ৯৬৭৪৪৫৮৮৮৮

**স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি**
**[রুল ৮(৬) সংস্থান দ্রষ্টব্য]**
**স্থাবর সম্পদ বিক্রয় নিমিত্ত ই-নিলাম বিক্রয় নোটিশ ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিনকস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইন তৎসহ পঠিত ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল [৮(৬) এবং রুল ৯(১) সংস্থান অধীনে]**

**ই-নিলামের তারিখ এবং সময় ঃ তারিখ ঃ ২২.০৫.২০২৫**
**সময় ঃ ২৪০ মিনিট বেলা ১১টা থেকে বিকেল ৩টে পর্যন্ত ৫ মিনিটের অসীমায়িত সম্প্রসারণ প্রতিটি ডাকের জন্য সহ**
**সম্পত্তি পর্যবেক্ষণের তারিখ ঃ ১৫.০৫.২০২৫ সময় : সকাল ১১টা থেকে দুপুর ৩টে পর্যন্ত**

সাধারণের প্রতি সাধারণভাবে এবং ঋণগ্রহীতা(গণ) এবং জামিনদাতা(গণ) এর প্রতি বিশেষভাবে বিজ্ঞাপিত হচ্ছে যে নির্ধারিত ঋণদাতার নিকট নিম্নোক্ত বন্ধকদত্ত/দায়বদ্ধ স্থাবর সম্পত্তি **স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, জামিন অধীনে ঋণদাতার অনুমোদিত অফিসার** কর্তৃক স্বত্ব দখলীকৃত এবং তা বিক্রয় করা হবে **'যেখানে যেমন আছে', 'যেখানে যা আছে' এবং 'যেখানে যেমন অবস্থায় আছে' ভিত্তিতে** ২২.০৫.২০২৫ সকাল ১১টা থেকে দুপুর ৩টার মধ্যে।

**ক্রম নং ০১** — **[দ্রষ্টব্য সংস্থান রুল ৮(৬) এবং রুল ৯(১) ]**

সংশ্লিষ্ট **১,৯৮,৭৩,১৯৩.৮৫ টাকা (এক কোটি আটানব্বই লাখ তিয়াত্তর হাজার একশ তিরানব্বই টাকা এবং পঁচাশি পয়সা)** ০২.০১.২০২৪ **অনুযায়ী** পরবর্তী সুদ, অন্যান্য ব্যয় এবং খরচ সহ জামিন অধীনে ঋণদাতার নিকট বকেয়া আদায় **নিয়োগী অটোমোবাইলস, অংশীদারগণ এবং জামিনদাতাগণ : ১) দেবপ্রতীম নিয়োগী ২) শ্রীমীত দীপ্তি নিয়োগী কর্পোরেট জামিনদাতা : নিয়োগী অটো প্রা. লি.**-এর কাছ থেকে।
সংরক্ষিত মূল্য ঃ
**সম্পত্তি নং ১ : ৬৩৮.০০ লাখ টাকা** বায়না জমা : **৬৩,৮০,০০০.০০ টাকা**
ডাক বাড়ানোর পরিমাণ : **১,০০,০০০.০০ টাকা**
**(জ্ঞাত দায়বদ্ধতা সহ স্থাবর সম্পত্তির সংক্ষিপ্ত বিবরণ)**
**সম্পত্তির স্বত্বাধিকারী : মেসার্স নিয়োগী অটো প্রাইভেট লিমিটেড-দলিল নং ১-৫৬৫০-২০০৬ সালের।**
সমপরিমাণ বন্ধকদত্ত লিজ দলিল নং নং ১-৫৬৫০ তারিখ : ১০.১০.২০০৬ সম্পাদিত এডিএসআর দুর্গাপুর, বর্ধমান , মেসার্স নিয়োগী অটো (প্রা) লি এর অনুকূলে এবং তদস্থিত বহুতল ভবন এরিয়া ১৪০০০ বর্গফুট (আনুমানিক) ১৯০০০ বর্গফুট থেকে (আনুমানিক), সংশ্লিষ্ট সকল অংশ বাণিজ্যিক জমি এরিয়া পরিমাণ ৮.০০ কাঠা/বা ৫৭৬০ বর্গফুট কমবেশি অবস্থিত প্লট নং বাল্ক ব্লক/সেক্টর দক্ষিণ জি টি রোড, প্লট নং সিএস ৩৩৯৫(অংশ) মৌজা : ফরিদপুর, জেএল নং ৭৪, তৌজি নং ১, সিটি সেন্টার, থানা : দুর্গাপুর, জেলা : পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ ৭১৩২১৬, ১৯০০০ বর্গফুট জমির থেকে (আনুমানিক) জমির অংশ এবং ভবন বিক্রয়ের জন্য অনুমোদিত নয়:
**ক)** এরিয়া ১০৬৮ বর্গফুট একতলায় এবং ৩৯৩২ বর্গফুট দোতলায় এবং ৩০০ বর্গফুট একতলায় বিনা শুল্কে ব্যাবহার করা যাবে ডিজেল জেনারেটর, ট্রান্সফর্মার, ম্যান হোলস, আর্থ পিঠ এবং ফাইবার পাথ এর জন্য এবং এইচভিএসি এবং ওডিইউ এর বিনা শুল্কে ব্যবহার করা যাবে আনুমানিক ১০০ বর্গফুট পাশের দেওয়াল ঘেঁষে এবং ভি-স্যাট আনুমানিক ১০০ বর্গফুট ছাদে বিনা শুল্কে ব্যবহারের জন্য এবং অবিভক্ত লিজভুক্ত জমির যথাযথ অংশ ভোগ দখল এবং পরিষেবা ভোগ দখলের অধিকার সমন্বিত যা বিশেষভাবে সাবলিজ দলিলে বর্ণিত মতে : নং ১-০১৭১৭/১৫ তাং ২১.০৪.২০১৫ মেসার্স নিয়োগী অটো (প্রা) লি এবং রিলায়েন্স কর্পোরেট আইটি পার্ক লিমিটেডের সঙ্গে চুক্তিতে আবদ্ধ রেজিস্টার্ড অতিরিক্ত রেজিস্ট্রার অব অ্যাসিওরেন্স -৩, কলকাতা সমীপে **এবং**
**খ)** সংশ্লিষ্ট সকল অংশ জমির পরিমাণ ১০০ বর্গফুট একতলায় আর্থ পিঠ সংস্থাপন এবং ম্যানহোলস এবং ৩২০ বর্গফুট ছাদের উপর পোল/মাস্ট এবং ছাদের/টেরেসে সংস্থাপন আরও বিশেষভাবে চুক্তিতে উল্লিখিত মতে লাইসেন্স তাং ২৯.০৪.২০১৫অনুযায়ী মেসার্স নিয়োগী অটো (প্রা) লি এবং রিলায়েনল জিও ইনফোকম লিমিটেডের , নোটারিকৃত আলিপুর পুলিশ কোর্ট, কলকাতা সমীপে। **চৌহদ্দি :** উত্তরে : ৮ মি আড্ডা রোড এবং এইচ টি করিডর; দক্ষিণে : আড্ডা অধিকৃত জমি ; পূর্বে : আড্ডা অধিকৃত জমি; পশ্চিমে : আড্ডা অধিকৃত জমি।

**সম্পত্তি স্বত্ব দখলীকৃত**

ক) বিক্রয়ের বিশদ নিয়ম এবং শর্তাবলীর জন্য, অনুগ্রহ করে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, সিকিউরড ক্রেডিটরের ওয়েবসাইট www.sbi.co.in এবং নির্দিষ্ট ই-নিলামের জন্য নির্দিষ্ট লিঙ্কে দেওয়া লিঙ্কটি দেখুন https://BAANKNET.com
খ) ইচ্ছুক দরদাতা/গণ তার ইএমডির পরিমাণ PSB Alliance Pvt. Ltd. সাথে রক্ষণাবেক্ষণ করা তার বিডার অ্যাকাউন্টে তৈরি করা চালানের মাধ্যমে স্থানান্তর করতে হবে। নিলামের তারিখের আগে তার ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে NEFT/RTGS স্থানান্তর করে। কোনও জিজ্ঞাস্য থাকলে অনুগ্রহ করে support.baanknet@psballiance.com বা ৮২৯১২২০২২০ যোগাযোগ করুন

সংশ্লিষ্ট ক্ষেত্রে কোনও বিতর্কের সৃষ্টি হলে ইংরাজি মাধ্যমকেই সঠিক গণ্য করতে হবে

তারিখ ঃ ০৬.০৫.২০২৫
স্থান ঃ বর্ধমান
অনুমোদিত অফিসার, এসবিআই, স্ট্রেসড অ্যাসেটস রিকভারি শাখা, বর্ধমান